# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763


স্মারক নং ঃ ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২৪০ তারিখঃ ০৭-০৯-২০২০ খ্রিঃ

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.১১.০৯৯.০৩৭.২০-২১৯; তারিখ-২০/০৭/২০২০ খ্রিঃ।

২। বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৮৬; তারিখ -২৭/০৭/২০২০ খ্রিঃ।

৩। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.২৪৮; তারিখ -২৭/০৮/২০২০ খ্রিঃ।

৪। বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২২৫; তারিখ -০১/০৯/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের বরাতে তাঁর দৃষ্টি আকর্ষণ করতঃ সবিনয়ে জানাচ্ছি যে, তাঁর জোন এবং নিয়ন্ত্রণাধীন বিভাগসমূহে ২০২০-২০২১ অর্থবছরে অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্প, বাপাউবো'র সংশ্লিষ্ট বিভাগের স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ ও ফাঁকা জায়গাগুলোতে বৃক্ষরোপণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে তাঁর জোন এবং নিয়ন্ত্রণাধীন পওর বিভাগসমূহে আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত বৃক্ষরোপণ (ফলজ, বনজ, ভেষজ এবং শোভাবর্ধক) কর্মসূচী (সম্পূর্ণ লক্ষ্যমাত্রা) শেষ করার জন্য গত ২৪/০৮/২০২০ তারিখের মাসিক সমন্বয় সভায় সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)। উক্ত কার্যক্রমের সংখ্যাগত তালিকা, ছবি এবং তথ্য-উপাত্ত বোর্ড এবং মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।

০৭.০৯.২০২০
সচিব
বাপাউবো, ঢাকা।

**প্রাপকঃ**
প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল/ রংপুর।

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২৪০ তারিখঃ ০৭-০৯-২০২০ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭.০৯.২০২০
সচিব
বাপাউবো, ঢাকা।

স্মারক নংঃ ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২৪০ তারিখঃ ০৭-০৯-২০২০ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-**

১. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/ পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/ পরিকল্পনা/ প্রশাসন) বাপাউবো, ঢাকা।

০৭-০৯-২০২০
(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৪ আগস্ট ২০২০ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.০০ টায় |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র. ন. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | গত সমন্বয় সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ। | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে কোন শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ করা হ'ল। | প্রশাসন-০২ শাখা, পাসম। |
| ০২. | Time bound প্রতিবেদন প্রেরণ। | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রশাসন-০২ শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে বর্তমানে ১৩টি প্রকল্প চলমান রয়েছে, ৫টি প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন, ৩টি প্রকল্প সমীক্ষা সমাপ্তির পর ডিপিপি প্রণয়াধীন এবং ৩০টি প্রকল্প ইতোমধ্যে সমাপ্ত হয়েছে মর্মে যুগ্মপ্রধান মহোদয় সভায় অবহিত করেন। এ পর্যায়ে সিনিয়র সচিব মহোদয় প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ কোন পর্যায়ে আছে এ বিষয়ে স্পষ্টিকরণের জন্য বলেন। স্পষ্টিকরণের বিষয়ে যুগ্মপ্রধান মহোদয় বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। | (ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) প্রক্রিয়াধীন ৫টি ডিপিপি দ্রুততার সঙ্গে অনুমোদনের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) প্রণয়াধীন ৩টি ডিপিপি দ্রুততম সময়ে প্রস্তুত করতে হবে। | উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো। |
| ০৪. | বার্ষিক কার্য সম্পাদন চুক্তি। | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ কোয়ার্টার প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে সভা আহব্বান করা হয়েছে।<br>২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত অনুমোদনের জন্য মাননীয় প্রতিমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়েছে। | ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মন্ত্রিপরিষদ বিভাগে নির্ধারিত সময়ে প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার, পাসম ও সকল সংস্থা। |
| ০৫. | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ। | সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ, ই-নথি ব্যবহারের বিষয়ে মন্ত্রণালয়ের সকল শাখায় এবং আওতাধীন সংস্থাসমূহের অবস্থান উপস্থাপন করা হয়। তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে জনাব এম. শান-ই-আলম মিষ্টি, সিনিয়র সহকারী সচিব কাজটি চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দক্ষিণ পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা জোনের ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি নাই জেনে অসন্তোষ প্রকাশ করেন। আলোচনার এ পর্যায়ে National Web Portal হালনাগাদকরণের জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে।<br>(খ) আগমি ১৫ দিনের মধ্যে দক্ষিণ পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা জোনের ই-ফাইলিং কার্যক্রম চালু করতে হবে।<br>(গ) জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব National Web Portal হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল সংস্থা/ সকল অধিশাখা/শাখা এবং আইসিটি শাখা, জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | মন্ত্রণালয়ের এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলী পর্যালোচনা। | মন্ত্রণালয়ের এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় আগামী ৭ কর্মদিবসের মধ্যে অনিষ্পন্ন কার্যাবলীর তালিকা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | আগামী ৭ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখা ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলীর তালিকা প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা। |
| ০৭. | উন্নয়ন প্রকল্প পরিদর্শন। | উন্নয়ন প্রকল্প পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যে সকল কর্মকর্তা পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করেননি তাঁরা আগামী সপ্তাহের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। | যে সকল কর্মকর্তাগণ পরিদর্শন প্রতিবেদন দাখিল করেননি তাঁরা আগামী ৭ (সাত) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম। |
| ০৮. | পানি সম্পদ মন্ত্রণালয়ের অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ। | এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় সারাদেশের অগ্রগতির তথ্য জানতে চান এবং গুরুত্ব দিয়ে ডিপিপি প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো সভাকে অবহিত করেন, মাঠ পর্যায় থেকে হালনাগাদ তথ্য সংগ্রহ করে আগামী ০১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে ডিপিপি দাখিল করা হবে। সভার এ পর্যায়ে এ মন্ত্রণালয়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণের আবাসন সমস্যা নিয়ে আলোচনা হয়। এ পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব মহোদয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গ্রীণ রোডস্থ পানি ভবনের পার্শ্বে খালি জায়গায় পানি সম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের জন্য আলাদা ভবন নির্মাণের ১টি পৃথক ডিপিপি প্রস্তুত করতে নির্দেশ প্রদান করেন। তিনি ডিপিপি প্রস্তুতের জন্য যুগ্মসচিব (উন্নয়ন-২)কে দায়িত্ব প্রদান করেন। | (ক) আগামী ০১ (এক) মাসের মধ্যে বাপাউবো কর্তৃক ডিপিপি মন্ত্রণালয়ে পেশ করতে হবে। (খ) পানি সম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদে আবাসন সমস্যা সমাধানের জন্য ৭২, গ্রীণ রোড, ঢাকায় অবস্থিত খালি জায়গায় আলাদা ভবন নির্মাণের জন্য ১টি পৃথক ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে পেশ করবেন। | বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং, পাসম। যুগ্মসচিব (উন্নয়ন-২), পাসম। |
| ০৯. | বাপাউবো'র জনবল কাঠামো ও বাপাউবো'কে অধিদপ্তরে রুপান্তর। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রুপান্তরের বিষয়ে পরামর্শকের প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন। প্রতিবেদন প্রদানে বিলম্ব হওয়ার কারণে সিনিয়র সচিব মহোদয় পরামর্শক প্রতিষ্ঠানের উপর অসন্তোষ প্রকাশ করেন। | (ক) পরামর্শক কর্তৃক আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। (খ) প্রতিবেদন প্রাপ্তির পর বাপাউবো'র জনবল কাঠামো ও বাপাউবো'কে অধিদপ্তরে রুপান্তরের জন্য সভা আহ্বান করতে হবে। | প্রশাসন-১ শাখা, পাসম ও বাপাউবো |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। | সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনার এ পর্যায়ে বাপাউবো'র প্রতিনিধি উপপরিচালক (আইন) জানান, বাপাউবো'র মোট মামলার সংখ্যা ৪১২৩টি, গত মাসে নিষ্পত্তি হয়েছে ১৬টি এবং বাপাউবো'র বিরুদ্ধে নতুন কোন মামলা হয়নি। তিনি আরও উল্লেখ করেন কোভিড-১৯ এর কারনে মামলা নিষ্পত্তির সংখ্যা অনেক কম।এ সময়ে সিনিয়র সচিব মহোদয় কুয়াকাটার মামলার সর্বশেষ অগ্রগতি জানতে চান। এ পরিপ্রেক্ষিতে বাপাউবো'র প্রতিনিধি উপপরিচালক (আইন) জানান যে, মামলাটির শুনানির দিন আগামী নভেম্বর ২০২০ মাসে ধার্য করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব মহোদয় মামলাটির শুনানির সময় এগিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করেন এবং মামলাটি গুরুত্বের সঙ্গে লড়ার নির্দেশনা দেন। এছাড়াও তিনি সারাদেশে বাপাউবো'র অধিগ্রহণকৃত জমি যে সকল দখলদার কর্তৃক অবৈধভাবে দখল করা হয়েছে তাদের উচ্ছেদের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে মিস কেস দায়ের করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভার এ পর্যায়ে নগই এর মামলা ১৭টি এবং হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ৩টি মামলা নিয়েও আলোচনা হয়। | ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে মিস কেস দায়ের করতে হবে।<br>খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে।<br>(গ) উচ্ছেদ মামলার হিসাব দিতে হবে।<br>(ঘ) কুয়াকাটার বেদখলকৃত জমি সংক্রান্ত মামলাটি গুরুত্বের সাথে লড়তে হবে।<br>(ঙ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ ও আইন শাখা, পাসম। |
| ১১. | অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ। | অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন, বাপাউবো'র সকল জোনের আওতায় দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে এবং নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রমও চলমান আছে।<br>আলোচনার এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় সিএন্ডএজি কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসারে ১৯৭১-১৯৭২ অর্থ বছর থেকে ২০০৯-২০১০ অর্থ বছর পর্যন্ত মন্ত্রণালয়ের সংস্থাসমূহের কত সংখ্যক সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য হয়েছে সে বিষয়ে পরিসংখ্যান জানতে চান। এ পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (বাজেট ও অডিট) আগামী সভায় এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য উপস্থাপন করবেন বলে সভাকে অবহিত করেন। | (ক) মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) পরবর্তী সভায় সিএন্ডএজি কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসারে অডিট আপত্তি নিষ্পত্তি তথ্য পেশ করতে হবে। | সকল সংস্থা ও অডিট শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | সংস্থাসমূহের বকেয়া ভূমিকর, পৌরকর, বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ সংক্রান্ত। | মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার বকেয়া বিলসমূহ দ্রুত পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | সকল বকেয়া বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সংস্থা ও বাজেট শাখা, পাসম |
| ১৩. | মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি। | এ বিষয়ে উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, ১২টি নতুন পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শর্ত অনুসারে ৯টি অস্থায়ী পদ সৃজনে সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ে ১০/০৮/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয় এবং ১ম শ্রেণির ৩টি ক্যাডার পদ সৃজনে সম্মতি প্রদানের বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করে প্রেরণ করা হয়েছে। এ সময়ে সিনিয়র সচিব মহোদয় মন্ত্রণালয়ের জন্য আরও নতুন পদ সৃজনের উপর গুরুত্ব আরোপ করেন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় পদ সৃজনের জন্য পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) ১২টি পদ সৃজনে সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) নতুন পদ সৃজনের জন্য পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন-০২ শাখা, পাসম |
| ১৪. | মন্ত্রণালয়ে জনবল নিয়োগ সংক্রান্ত। | উপসচিব (প্রশাসন-২) সভাকে জানান যে, মন্ত্রণালয়ের ২৭ জুলাই ২০২০ তারিখের ডিপিসি সভার সুপরিশ অনুসারে ৩য় ও ৪র্থ শ্রেণির ১১টি শূন্য পদে সুপারিশ প্রাপ্তদের নামে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। | ১১টি পদের সরাসরি নিয়োগ কার্যক্রম শেষ হওয়ায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়া যেতে পারে। | প্রশাসন-০২ শাখা |
| ১৫. | বিবিধ বিষয়:<br>(ক) করোনা ভাইরাস সংক্রান্ত। | প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করা হলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ০৯/০৮/২০২০ তারিখের পত্রে জানানো হয়েছে যে, "অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী 'প্রত্যক্ষভাবে নিয়োজিত' প্রজাতন্ত্রের যে কোন কর্মকর্তা/কর্মচারি ঘোষিত ক্ষতিপূরণ পাবেন" এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময়ে সিনিয়র সচিব মহোদয় পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থায় কর্মরতগণ করোনাকালীন সময়ে 'প্রত্যক্ষভাবে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত' এ মর্মে যুক্তিসহ অর্থ বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>মাননীয় প্রতিমন্ত্রীসহ মন্ত্রণালয় এবং সংস্থাসমূহে এ পর্যন্ত সর্বমোট ৭৫ জন কর্মকর্তা ও কর্মচারি কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছেন। আক্রান্তদের মধ্যে ২ জন কর্মচারি মৃত্যুবরণ করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও এ মন্ত্রণালয়ের ৭ জন কর্মচারির শরীরে করোনা উপসর্গ দেখা গেছে। এ পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব মহোদয় সকলকে পর্যাপ্ত সতর্কতার সাথে সরকারি কার্যক্রম সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। | (ক) পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থায় কর্মরতগণ করোনাকালীন সময়ে 'প্রত্যক্ষভাবে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত' এ মর্মে যুক্তিসহ অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) সকল কর্মকর্তা ও কর্মচারি করোনাকালীন সময়ে সতর্কতার সাথে সরকারি কার্যক্রম সম্পাদন করবেন। | প্রশাসন-০২ শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (খ) বাপাউবোর বিভাগীয় কার্যালয়সমূহে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য অস্থায়ী কক্ষ বরাদ্দ | এ বিষয়ে সভাপতি মহোদয় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রত্যেক জেলায় নতুন অফিস নির্মাণের প্রয়োজনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভাগীয় কার্যালয়ে অস্থায়ীভাবে ২/৩টি অফিস কক্ষ প্রদানের জন্য মহাপরিচালক, বাপাউবোকে নির্দেশনা প্রদান করেন। | বাপাউবোর বিভাগীয় কার্যালয়ে অস্থায়ীভাবে ২/৩টি অফিস কক্ষ পানি সম্পদ পরিকল্পনা সংস্থাকে বাপাউবো প্রদান করবে। | বাপাউবো ও ওয়ারপো। |
| | (গ) বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদযাপন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন প্রতিপালনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় যে ১০ লক্ষ বৃক্ষরোপণের কার্যক্রম হাতে নিয়েছে তা সুষ্ঠু ও সফলভাবে সমাপ্তির জন্য সিনিয়র সচিব মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করেন। এটিকে একটি আন্দোলনে রূপ দিতে হবে এবং আগামী ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে বৃক্ষরোপণ সংক্রান্ত সকল কার্যক্রম শেষ করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। | (ক) আগামী ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে সারাদেশে বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন শেষ করতে হবে।<br>(খ) জেলার দায়িত্ব প্রাপ্ত বৃক্ষরোপণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বৃক্ষরোপণ বিষয়ে সার্বিক প্রতিবেদন পেশ করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম ও বাপাউবো |

৩। সমন্বয় সভার এ পর্যায়ে সভাপতি করোনা কালে সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.২৪৮

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭
২৭ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ

১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

৫) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

৭) ........................................ (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) নির্বাহী প্রকৌশলী, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

মো. আব্দুস সামাদ
উপসচিব